দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

063

তারিখ 06 NOV 1988
পৃষ্ঠা 1 কলাম 4

(20)

## শিক্ষা বাজেটের ৪৬ ভাগ প্রাথমিক শিক্ষায় ব্যয় করা হইবে

—কাজী জাফর

উপ-প্রধানমন্ত্রী ও প্রেসিডেন্টের রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমদ বলিয়াছেন, প্রেসিডেন্ট এরশাদ প্রাথমিক শিক্ষাসহ সার্বিক শিক্ষা ব্যবস্থা উন্নয়নে সর্বোচ্চ

(২য় পৃঃ দ্রঃ)

## কাজী জাফর

(১ম পৃঃ পর)

অগ্রাধিকার দিয়াছেন। তিনি বলেন, বর্তমান বাজেটে শিক্ষা খাতে সর্বোচ্চ মোট বার শত কোটি টাকা বরাদ্দ করা হইয়াছে। যাহার ৪৬% প্রাথমিক শিক্ষাখাতে খরচ করা হইবে।

উপ-প্রধানমন্ত্রী গত শুক্রবার পাকশীতে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির জাতীয় প্রতিনিধি পরিষদের সম্মেলনে প্রধান অতিথির ভাষণ দিতেছিলেন। তিনি বলেন, সরকার ইতিমধ্যে এক হাজার বেসরকারী প্রাথমিক বিদ্যালয়কে সরকারীকরণ করিয়াছেন এবং ভবিষ্যতেও পর্যায়ক্রমে অবশিষ্ট বেসরকারী বিদ্যালয়গুলিকে সরকারীকরণ করা হইবে। কাজী জাফর বলেন, ২০০০ সাল নাগাদ সবার জন্য শিক্ষা এই পরিকল্পনা বাস্তবায়নে সরকার দৃঢ়-প্রতিজ্ঞ। উপ-প্রধানমন্ত্রী বলেন, প্রেসিডেন্ট এরশাদ শিক্ষকদেরকে উপযুক্ত সামাজিক মর্যাদায় প্রতিষ্ঠিত করিয়াছেন।

সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আযাদের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সম্মেলনে আরো বক্তব্য রাখেন এডাবের চেয়ারম্যান মোজাম্মেল হক ও সৈয়দা রুখসানা বেগম প্রমুখ। জেলা পরিষদ চেয়ারম্যান জনাব মকবুল হোসেন এম, পি, এডভোকেট সাহাবুদ্দিন এম, পি, ও জনাব মন্জুর রহমান এম, পি সম্মেলনে উপস্থিত ছিলেন।

সম্মেলনের শুরুতে কাজী জাফর প্রাথমিক শিক্ষক মরহুম মিজানুর রহমানের বিধবা পত্নী আয়েশা সুলতানাকে একটি সেলাই মেশিন প্রদান করেন। পূর্বাহ্নে উপ-প্রধানমন্ত্রী পাকশী কলেজে এক সম্বর্ধনা সভায় প্রধান অতিথির ভাষণ দেন। সন্ধ্যায় ঈশ্বরদীতে স্থানীয় প্রেসক্লাব আয়োজিত এক সম্বর্ধনায় তিনি প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।